# উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,গৌরনদী ,বরিশালে অংশীজনদের (Stakeholder) সাথে ১৪/০১/২০২৪ খ্রি তারিখে (৩য় কোয়ার্টারে) অনুষ্ঠিত সভার কার্যবিরণী

সভাপতি : অশোক কুমার চৌধুরী
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
স্থান : উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়;
তারিখ : ১০/০১/২০২৪ খ্রি
সময় : সকাল ১১.০০ টা :
হাজিরা বিবরণী : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ;

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরুকরেন। অতঃপর সভায় সিটিজেন চার্টার,অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | সুশাসন প্রতিষ্ঠা | সভাপতি আলোচনার শুরুতে বলেন যে, সরকারি কাজে সুশাসন বলতে যে কোন সিদ্ধান্ত গ্রহণ/কাজ বাস্তবায়নের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা, সকলের অংশগ্রহণ এবং নিরপেক্ষতা নিশ্চিত করাকে বুঝায়। তাই সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে অংশীজনদের যার যার অবস্থান থেকে স্বচ্ছতা, জবাবদিহিতা, সকলের অংশগ্রহণ এবং নিরপেক্ষভাবে খাদ্য বিভাগীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য সভাপতি উপস্থিত খাদ্য বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীগণকে অনুরোধ করেন। আলোচনাকালে সভাপতি সভায় উপস্থিত অংশীজনদের সাথে পর্যায়ক্রমে স্ব-স্ব কার্যক্রম, সমস্যা ও সুপারিশ নিয়ে কথা বলেন।<br>সভাপতি সভায় স্বরণ করিয়ে দেন যে, কোন সিদ্ধান্ত গ্রহণ/কাজ বাস্তবায়নের ক্ষেত্রে আইন, নীতি/বিধিবিধান অনুসরণ করা হলে তাকে স্বচ্ছতা বলে। স্বচ্ছতা প্রতিষ্ঠা পেলে যে কোন কাজে অনিয়ম এড়ানো সম্ভব হবে। সভাপতি সংগ্রহ, বিলি-বিতিরণসহ খাদ্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম প্রচলিত আইন, নীতি/বিধিবিধান অনুসরণপূর্বক স্বচ্ছতার সাথে বাস্তবায়ন করতে নির্দেশ প্রদান করেন। | ১) ০১/০৩/২০২৪ খ্রি. তারিখ হতে শুরু হতে যাওয়া খাদ্য বান্ধব কার্যক্রম যথাযথ ও নিবিড় তদারকীর মাধ্যমে এ খাতের ১০০% চাল প্রকৃত ভোক্তার মাঝে বিক্রি নিশ্চিত করতে হবে। এ কার্যক্রমে কোন ধরণের অনিয়ম পরিলক্ষিত হলে অনিয়মকারীর বিরুদ্ধে তাৎক্ষণিভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল তালিকা প্রণয়ন/যাচাই কাজ ত্বরান্তি করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, ইউডিসি উদ্যোক্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। ইউডিসিদের বিল যথাসময়ে প্রদান করতে হবে।<br>৩) সংগ্রহ, বিলি-বিতিরণসহ খাদ্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম প্রচলিত আইন, নীতি/বিধিবিধান অনুসরণপূর্বক স্বচ্ছতার সাথে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ উপজেলা পর্যায় খাদ্য বিভাগীয় কর্মকর্তা-কর্মচারী, মিলার, ডিলারসহ সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনগণ ,তদারকি কর্মকর্তা |
| ২ | সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ। | সভাপতি উপস্থিত অংশীজনগণকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,গৌরনদী, বরিশালের সেবা প্রদান প্রতিশ্রুত বিষয়ে অবহিত করেন। তিনি জানান, ঠিকাদারদের বিল প্রতিস্বক্ষরপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ।, কাবিখা খাতে খাদ্যশস্য উত্তোলনের কেন্দ্র পরিবর্তন (জেলার মধ্যে), বিভিন্ন ব্যক্তি /প্রতিষ্ঠানের খাদ্যশস্যের (ধান,চাল,গম) নমুনা পরীক্ষা (ভৌত বিশ্লেষণ), ওএমএস,খাদ্য বান্ধব ,ভিডাব্লিউবি,জিআর,টিআর,ভিজিএফ(ঈদ,মৎস) এবং গৌরনদী উপজেলার সরকারি খাদ্য পরিস্থিতির তথ্য প্রদান ইত্যাদি হলো উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,গৌরনদী, বরিশালের | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্ব স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েব পোর্টালে আপলোডসহ প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করবেন।<br>২) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী প্রতিটি সেবা প্রদান তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় এবং এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুত নাগরিক সেবা। এই সেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানে এ কার্যালয় প্রতিশ্রুতিবদ্ধ। তাছাড়া উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের প্রতিশ্রুত প্রাতিষ্ঠানিক সেবা সমূহের বিষয়ে উপস্থিত অংশীজনদেরকে অবহিত করা হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিটি (সিটিজেন চার্টার) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,গৌরনদী, বরিশালের ওয়েব পোর্টালে (food.gournadi.barisal.gov.bd) আপলোড করা আছে মর্মেও জানানো হয়। উপস্থিত সংশ্লিষ্ট অংশীজনগণ জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল হতে প্রতিশ্রুতি মোতাবেক সেবা পেয়ে থাকেন এবং এ কার্যালয় হতে সেবা পেতে তাদেরকে কোন বেগ পোহাতে হয় না মর্মে সভায় অবহিত করেন। সভাপতি ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তার দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করাসহ এ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষেনের জন্য অনুরোধ করেন। | | |
| ৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণ | সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে আলোচনাকালে বলেন, সরকারি দপ্তর অথবা আইনের আওতায় নিবন্ধিত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিশ্রুত সেবা বা পণ্য এবং/অথবা সেবাপদ্ধতি সম্পর্কে সেবাপ্রত্যাশীদের অসন্তুষ্টি অথবা প্রদেয়/প্রদত্ত সেবার সঙ্গে সম্পর্কিত বিধি-বহির্ভূত কাজ অথবা সেবাপ্রত্যাশীদের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়ে ইলেকট্রনিক বা প্রচলিত পদ্ধতিতে (নির্ধারিত ফরমে) অভিযোগ দায়ের সুযোগ রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত ওয়েবসাইট (www.grs.gov.bd)-এর মাধ্যমে অথবা ইলেক্ট্রনিক পদ্ধতিতে (ইমেইল, ই-ফাইল অথবা কল সেন্টারের মাধ্যমে) অথবা প্রচলিত পদ্ধতিতে (সংশ্লিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে অথবা ডাকযোগে) অথবা কার্যালয়ের রক্ষিত অভিযোগ বাক্সে অভিযোগ দাখিল করা যায় মর্মে সভাপতি সভায় অবহিত করেন। সভাপতি জানান, সাধারণভাবে অভিযোগ নিষ্পত্তির সর্বোচ্চ সময়সীমা ৪০ কার্যদিবস; তবে তদন্তের উদ্যোগ গৃহীত হলে অতিরিক্ত ২০ কার্যদিবস সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করা হবে। সভাপতি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ও গৌরনদী এলএসডি, গৌরনদী,বরিশাল কর্তৃক প্রতিশ্রুত সেবা বা সেবাপদ্ধতি সম্পর্কে সেবাপ্রত্যাশীদের অসন্তুষ্টি অথবা প্রদেয়/প্রদত্ত সেবার সঙ্গে সম্পর্কিত বিধি-বহির্ভূত কাজ অথবা সেবাপ্রত্যাশীদের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়ে অভিযোগ থাকলে তা ম্যানুয়াল অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে দাখিল করার জন্য অংশীজনদেরকে অনুরোধ করেন। উপস্থিত অংশীজনগণ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে অবহিত হয়ে সন্তোষ প্রকাশ করেন। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় এবং গৌরনদী এলএসডি, গৌরনদী,বরিশাল কর্তৃক প্রতিশ্রুত সেবা বা পণ্য এবং/অথবা সেবাপদ্ধতি সম্পর্কে সেবাপ্রত্যাশীদের অসন্তুষ্টি অথবা প্রদেয়/প্রদত্ত সেবার সঙ্গে সম্পর্কিত বিধি-বহির্ভূত কাজ অথবা সেবাপ্রত্যাশীদের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়ে অভিযোগ থাকলে তা ম্যানুয়াল অথবা ইলেকট্রনিক পদ্ধতিতে দাখিল করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও অভিযোগকারী |
| ৪ | তথ্য অধিকার বিষয়ে প্রচার/ অবহিতকরণ | তথ্য অধিকার বিষয়ে প্রচার/অংশীজনদেরকে অবহিতকরণের লক্ষ্যে সভাপতি জানান যে, জনগণের তথ্য অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। উক্ত আইন অনুযায়ী সকল নাগরিকের তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে। সভাপতি উপস্থিত সকলকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যে সকল বিষয়ে তথ্য প্রদান বাধ্যতামূলক নয় তা সভায় | ১। অংশীজনসহ যে কোন নাগরিক তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন করলে অনধিক ২০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রদান করতে হবে। চাহিত তথ্য প্রদানযোগ্য না হলে কি কারণে প্রদান করা যাবে না সে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও তথ্য প্রদাণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পড়ে শুনান। উপস্থিত অংশীজনগণ তথ্য অধিকার তথ্য প্রদান ও গ্রহণে সচেষ্ট থাকবেন মর্মে জানান। সভাপতি বলেন, তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ করা যাবে। এক্ষেত্রে নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা থাকতে হবে এবং কি বিষয়ে তথ্য চাওয়া হয়েছে তার নির্ভুল ও স্পষ্ট বর্ণনা থাকতে হবে। আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদনের নির্ধারিত ফরমও রয়েছে মর্মে জানানো হয়। | বিষয়ে অবহিতকরণের মাধ্যমে আবেদন নিষ্পত্তি করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৪/০১/২০২৪

অশোক কুমার চৌধুরী
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গৌরনদী, বরিশাল।

স্মারক নং- ১৩.০১.০৬৩২.০০১.৭১.০০৩.২২.৩৫ তাং ১৪/০১/২০২৪ খ্রি

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
৩। মোঃ সবুজ আহমেদ, উপখাদ্য পরিদর্শক, অত্রদপ্তর।
৪। মোঃ সুজন মল্লিক, সহ. উপ খাদ্য পরিদর্শক, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
৫। মোসা. খাদিজা বেগম, নিরাপত্তা প্রহরী, গৌরনদী এলএসডি, সংযুক্তি অত্রদপ্তর।
৬। মোঃ নাসির উদ্দিন খান, নিরাপত্তা প্রহরী, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
৭। মোঃ সেলিম সরদার, নিরাপত্তা প্রহরী, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
৮। মুহাম্মদ শহিদুল ইসলাম, নিরাপত্তা প্রহরী, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
৯। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
গৌরনদী, বরিশাল।

# পরিশিষ্ট ‘ক’

১৪/০১/২০২৪ খ্রি তারিখ অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভায় উপস্থিত সদস্যদের হাজিরা বিবরণী:-

**সদস্যগণ**

| ক্রম | নাম | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | অশোক কুমার চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] |
| ০২ | জনাব শেখ মুহম্মদ শিহাবউদ্দীন | ভারপ্রাপ্ত কর্মকর্তা | [illegible] |
| ০৩ | মোঃ সবুজ আহমেদ | উপ খাদ্য পরিদর্শক | মো: সবুজ আহমেদ |
| ০৪ | মোঃ সুজন মল্লিক | সহ.উপ খাদ্য পরিদর্শক | Sujan |
| ০৫ | মোসা. খাদিজা বেগম | নিরাপত্তা প্রহরী | খাদিজা বেগম |
| ০৬ | মোঃ নাসির উদ্দিন খান | নিরাপত্তা প্রহরী | মো: নাসির উদ্দিন খান |
| ০৭ | মোঃ সেলিম হোসেন | নিরাপত্তা প্রহরী | মো: সেলিম হোসেন |
| ০৮ | মুহাম্মদ শহিদুল ইসলাম | নিরাপত্তা প্রহরী | মো: শহিদুল ইসলাম |
| ০৯ | আব্দুস সামাদ আকন মুন্না | ওএমএস ডিলার | [illegible] |
| ১০ | মো: লিপন হাওলাদার | সুশীল সমাজের প্রতিনিধি | [illegible] |
| ১১ | মো: লাল মিয়া হাং | খাদ্য বান্ধব উপকার ভোগী | লাল মিয়া |
| ১২ | মোঃ আলমগীর সরদার | এলএসডি লেবার সরদার | আলমগীর |